## ফেডারেল প্রজাতন্ত্র জার্মানির চ্যান্সেলারের ভারত সফর

ফেডারেল প্রজাতন্ত্র জার্মানির চ্যান্সেলার মহামান্য ডঃ অ্যাঞ্জেলা মার্কেল ভারত ও জার্মানির মধ্যে তৃতীয় আন্তঃ সরকার পরামর্শ বৈঠকের (আইজিসি) জন্য ৪-৬ অকটোবর ২০১৫ ভারত সফর করছেন। বেশ কিছু ক্যাবিনেট মন্ত্রী সহ এক উচ্চপর্যায়ের প্রতিনিধিদল তাঁর সফরসঙ্গী হবেন। শীর্ষস্তরের উচ্চপর্যায়ের এক বণিক প্রতিনিধিদল তাঁর সফরসঙ্গী হবেন।

আইজিসি হলো উভয় দেশের মন্ত্রিসভার অংশগ্রহণ সহ শিখর স্তরের বার্তালাপের অনন্য মঞ্চ,যেখানে উভয় দেশের পারস্পরিক স্বার্থ সংশ্লিষ্ট অগ্রাধিকারের সামগ্রিক বিষয়গুলির দ্বিপাক্ষিক অংশীদারির অগ্রগতি সুচিত করে। তৃতীয় আইজিসি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর ২০১৫ সালের এপ্রিল মাসের সফল জার্মানি সফরের সাফল্যের ভিত্তিতে ভবিষ্যত কর্মপন্থা নির্দ্ধারণ করা। তখন তিনি হ্যানোভারে অনুষ্ঠিত গণমেলায় অংশগ্রহণ করেছিলেন। ভারত ঐ গণমেলার অংশীদার দেশ ছিল।

চ্যান্সেলার মার্কেল ৪ অকটোবর নয়াদিল্লি আসবেন। ৫ অকটোবর তাঁকে রাষ্ট্রপতিভবনে আনুষ্ঠানিক স্বাগত জানানো হবে। তারপর তিনি রাজঘাট দর্শন করবেন এবং তারপর দুই দেশের মধ্যে দুই নেতার মধ্যে সরকারি পর্যায়ে সংলাপ হবে এবং দুই প্রতিনিধিদলের মধ্যে আন্তঃসরকারি পর্যায়ের পরামর্শ বৈঠক হবে। চ্যান্সেলার সম্মানীয় রাষ্ট্রপতির সংগেও সাক্ষাৎ করবেন । পররাষ্ট্রমন্ত্রী শ্রীমতী সুষমা স্বরাজ জার্মানির বিদেশমন্ত্রী ডঃ ফ্র্যাংক ওয়াল্টার স্টেইনমারের সংগে সাক্ষাৎ করবেন এবং পরে চ্যান্সেলার মার্কেল্বে সংগেও মিলিত হবেন।

প্রতিরক্ষা,নিরাপত্তা, শিক্ষা,পুর্ননবীকরণ বিদ্যুত,উচ্চপ্রযুকতির উৎপাদন,দক্ষতা বিকাশ,বিজ্ঞান ও প্রযুকতি,রেলপথ, বর্জ্য পদার্থ ব্যবস্থাপনা,নগর উন্নয়ন এবং কৃষিতে দ্বিপাক্ষিক সহযোগিতা বৃদ্ধি এবং অভিন্ন স্বার্থের বিস্তৃত বিষয়সমুহে প্রধানমন্ত্রী মোদী ও চ্যান্সেলার মার্কেল আলোচনা করবেন। তাঁরা আঞ্চলিক ও বৈশ্বিক বিষয়ের অভিন্ন উদ্বেগের বিষয়সমুহ নিয়ে মত বিনিময় করবেন।

চ্যান্সেলার ও প্রধানমন্ত্রী ৬ অকটোবর বাঙ্গালুরু সফর করবেন। সেখানে তাঁরা ন্যাসকম আয়োজিত শিল্প-৪.০ বিষয়ে বাণিজ্যিক সম্মেলনে অংশগ্রহণ করবেন। পরে তাঁরা জার্মানি কোম্পানি বশ দ্বারা প্রতিষ্ঠিত একটি উদ্ভাবনী ও দক্ষতা প্রশিক্ষণ কেন্দ্র পরিদর্শন করবেন ।

২০০১ সাল থেকে ভারত ও জার্মানি স্ট্র্যাটেজিক অংশীদার। ইউরোপীয় ইউনিয়নের মধ্যে জার্মানি ভারতের বৃহত্তম বাণিজ্যিক অংশীদার এবং ভারতে সপ্তম বৃহত্তম বিদেশি পুঁজি বিনিয়োগকারী। ম্যানফ্যািকচারিং,দক্ষতা প্রশিক্ষণে,উচ্চ প্রযুকতি,নির্মল বিদ্যুত উৎপাদন, জল এবং বর্জ্য পদার্থ ব্যবস্থাপনা প্রভৃতিতে জার্মানির দক্ষতা সর্বজনস্বীকৃত। এইসব ক্ষেত্রে অগ্রাধিকারের বিষয়গুলিতে একটি পরিপুষ্ট সম্প্রসারিত দ্বিপাক্ষিক সহযোগিতার ভিত্তি গড়ে উঠবে। এই সফর ভারত ও জার্মানির মধ্যে বিদ্যমান  সুদৃঢ় স্ট্র্যাটেজিক ,রাজনৈতিক ও আর্থিক সম্পর্ক সুসংহত করার সুযোগ সৃষ্টি করবে।

**নয়াদিল্লি**

**১ অকটোবর ২০১৫.**